


নিয়মিত দুধ, ডিম, মাংস খান
রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ান।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়
অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।

E-mail : uulo.austagramoffice@gmail.com



স্মারক নং-৩৩.০১.৪৮০২.০০০.১৬.০০১.২০-১৪৭৬

তারিখ : ২৯ নভেম্বর ২০২০ খ্রিঃ

খন্ডকালীন লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটিটর (LFF) নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাণিসম্পদ অধিদপ্তর এর আওতায় “হাওর অঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প” এর কার্যক্রম মাঠ পর্যায়ে শুরু হয়েছে। উক্ত প্রকল্পের অধীনে ইউনিয়ন পর্যায়ে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের সহযোগিতা এবং সংশ্লিষ্ট ইউনিয়নের প্রাণিসম্পদ লালন পালনকারী খামারীদের প্রয়োজনীয় সেবা প্রদানের নিমিত্ত প্রকল্প চলাকালীন সময়ের জন্য প্রতি ইউনিয়নে ০১ (জন) করে মোট ০৮(আট) জন লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটিটর (LFF) নিয়োগ করা হবে। নিম্নোক্ত শর্তাবলী পূরণ করে এমন প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি-২ কপি, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, ধর্ম, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা সম্বলিত তথ্যাদিসহ দরখাস্ত আহবান করা হলো। আগ্রহীদের আগামী ০৭/১২/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে চাহিত তথ্যাদিসহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো।

ইউনিয়নসমূহ : ১। দেওঘর ২। কাস্তুল ৩। অষ্টগ্রাম সদর ৪। বাঙ্গালপাড়া ৫। কলমা ৬। আদমপুর ৭। খয়েরপুর আব্দুল্লাপুর ৮। পূর্ব অষ্টগ্রাম।
যোগ্যতা ও অভিজ্ঞতাঃ

১. সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দা হতে হবে।
২. শিক্ষাগত যোগ্যতা এসএসসি পাশ হতে হবে।
৩. বয়স ৩০-৫০ বছর হতে হবে।
৪. পুরুষ বা নারী উভয়কে লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটিটর (LFF) হিসেবে নির্বাচন করা যাবে।
৫. ক্ষুদ্র ও প্রান্তিক খামারীদের অগ্রাধিকার দেয়া হবে।
৬. বাংলা পড়া ও লিখায় দক্ষ হতে হবে।
৭. প্রাণিসম্পদ অধিদপ্তর বা যুব উন্নয়ন কেন্দ্র বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণপ্রাপ্ত কে লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটিটর (LFF) নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।
৮. ছাত্র-ছাত্রী বা কোন প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তি খন্ডকালীন লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটিটর (LFF) পদে নিয়োগ করা হবে না। সার্বক্ষণিক অন্য পেশায় জড়িতদের লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটিটর (LFF) পদে আবেদনের প্রয়োজন নেই।
৯. আদালত কর্তৃক দোষী সাব্যস্ত অথবা অপ্রকৃত্ব ব্যক্তিকে লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটিটর (LFF) পদে অযোগ্য বলে বিবেচিত হবে।
১০. প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটিটর (LFF) এর উল্লেখিত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালনের মানসিকতা থাকতে হবে।

২৯/১১/২০২০

(ডা. মোঃ সিরাজুল ইসলাম)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (অঃ দাঃ)

অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।

ও

সদস্য সচিব

হাওর অঞ্চলে প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের সুফলভোগী নির্বাচন,
লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটিটর নিয়োগ ও মনিটরিং কমিটি।

বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধসহ প্রেরণ করা হলোঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।
- ২। উপজেলা কৃষি অফিসার, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।
- ৩। উপজেলা মৎস্য অফিসার, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।
- ৪। উপজেলা সমাজসেবা অফিসার, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।
- ৫-১২। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।

অনুলিপিঃ

- ১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কিশোরগঞ্জ।
- ২। নোটিশ বোর্ড।
- ৩। অফিস নথি।